# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১৬

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৩০. প্রবৃত্তি থেকে বেঁচে থাকা সম্পর্কে

بَابٌ فِي اجْتِنَابِ الْأَهْوَاءِ

আরবী

أَخْبَرَنَا إِبْرَاهِيمُ بْنُ إِسْحَاقَ، عَنِ ابْنِ الْمُبَارَكِ، عَنِ الْأَوْزَاعِيِّ قَالَ: " قَالَ إِبْلِيسُ لِأَوْلِيَائِهِ: مِنْ أَيِّ شَيْءٍ تَأْتُونَ بَنِي آدَمَ؟ فَقَالُوا: مِنْ كُلِّ شَيْءٍ. قَالَ: فَهَلْ تَأْتُونَهُمْ مِنْ قِبَلِ الِاسْتِغْفَارِ؟ فَقَالُوا: هَيْهَاتَ، ذَاكَ شَيْءٌ قُرِنَ بِالتَّوْحِيدِ. قَالَ: لَأَبُثَّنَّ فِيهِمْ شَيْئًا لَا يَسْتَغْفِرُونَ اللَّهَ مِنْهُ. قَالَ: فَبَثَّ فِيهِمُ الْأَهْوَاءَ

إسناده صحيح

বাংলা

৩১৬. ইবনুল মুবারক থেকে বর্ণিত, আওযাঈ বলেন, ইবলিস তার সাঙ্গ-পাঙ্গদের বলে: তোমরা বনী আদমের কোন্ কোন্ জিনিস এনেছো? তারা বলে, সবকিছুই তো আমরা নিয়ে এসেছি। সে বলে, তোমরা কি ইস্তিগফার (ক্ষমা প্রার্থনা) ও নিয়ে এসেছো? তারা বলে, হায় হায়! এটি তো এমন বিষয় যা তাওহীদ’ (একত্ববাদ) এর কাছাকাছি। তখন সে বলে, আমি এমন জিনিস তাদের মাঝে ছড়িয়ে দেবো, যা থেকে তারা আল্লাহর নিকট ইস্তিগফার (ক্ষমা প্রার্থনা) করবে না। তিনি বলেন, অতঃপর সে তাদের মাঝে প্রবৃত্তি (ভাল লাগা ও মন্দ লাগা’র অনুসরণকে) ছড়িয়ে দিল।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: লালিকাঈ, আল ই’তিকাদ নং ২৩৭; ফাসাওয়ী ৩/৩৮৯ সহীহ সনদে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=69627

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন